



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১

১৩ আগস্ট ২০২৩

তারিখ: -----

২৯ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**মিউচুয়াল ফান্ডের মেয়াদি আমানতের বিপরীতে প্রদত্ত
লভ্যাংশ হতে উৎসে কর (Source Tax) কর্তন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ০১ আগস্ট ২০২৩ তারিখের পত্র নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০১৯.২৩/৩৫৬(১) (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

২. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০১৯.২৩/৬৬৬(১)

তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়ঃ আইসিবি এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড এর আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড শিরোনামে এফডিআর নং ০০১৬২৯৯ এর বিপরীতে ০৪.৫০ (চার কোটি পঞ্চাশ লক্ষ) কোটি, সিক্সথ আইসিবি ইউনিট ফান্ড শিরোনামে এফডিআর নং ০০১৬১৫১ এর বিপরীতে ১.০০ (এক) কোটি এবং বাংলাদেশ ফান্ড শিরোনামে এফডিআর নং ০০১৬১৫০ এর বিপরীতে ১০.০০ (দশ) কোটি টাকা এর লভ্যাংশ হতে উৎসে কর (Source Tax) কর্তন প্রসঙ্গে।

সূত্রঃ (১) অগ্রণী ব্যাংক লিমিটেড, বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা এর স্মারক নং-বৈবাকশা/জিবি/১৯১/২০২৩, তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রি.

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে আইসিবি এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড কর্তৃক পরিচালিত এফডিআরসমূহের সুদ বা মুনাফার উপর কি হারে উৎসে কর কর্তন করতে হবে সেই বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট সুস্পষ্ট মতামত চাওয়া হয়েছে। বিষয়টি পরীক্ষা করে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং নিম্নরূপ মতামত প্রদান করছেঃ

“আয়কর আইন, ২০২৩ এর ধারা ১০২ অনুযায়ী আয়কর আইনে বা অন্য কোন আইনে কর অব্যাহতির বিষয়ে যাহাই থাকুক না কেন, যে কোন ধরনের মেয়াদী আমানতের সুদ বা মুনাফা পরিশোধের সময় প্রযোজ্য হারে উৎসে কর কর্তনের বিধানের প্রযোজ্যতা থাকায় আইসিবি এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড কর্তৃক পরিচালিত মিউচুয়াল ফান্ডসমূহ অথবা অন্য যে কোন মিউচুয়াল ফান্ডের মেয়াদী আমানতের সুদ বা মুনাফা পরিশোধের সময় প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।”


মোঃ মহিদুল ইসলাম চৌধুরী
দ্বিতীয় সচিব (কর আইন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক:

উপ-মহাব্যবস্থাপক

বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা

অগ্রণী ব্যাংক লিমিটেড

মতিঝিল, ঢাকা।

অনুলিপিঃ

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা (ব্যাখ্যাপত্রটি সকল তফসিলি ব্যাংক এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহে সংযুক্তিপূর্বক প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো)।

০২। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা (প্রয়োজনীয় কার্যার্থে)।

০৩। কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা (প্রয়োজনীয় কার্যার্থে)।

০৪। চেয়ারম্যান, আইসিবি এসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড, গ্রীণ সিটি এডজ, ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০ (প্রয়োজনীয় জ্ঞাতার্থে)।